

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
কারাঅধিদপ্তর
৩০/৩উমেশদত্তরোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৮.২০২০- ২৫৬ (১১১)

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৭
২২ মে ২০২০

বিষয়: নোভেল করোনা ভাইরাসে আক্রান্ত (পজিটিভ) কারা কর্মকর্তা, কর্মচারী ও বন্দিদের মূল টেস্ট রিপোর্ট তথা প্রমাণকসহ বিশদ তথ্যাদি ও পরিসংখ্যান ভবিষ্যৎ সরকারী প্রয়োজনে গুরুত্ব সহকারে পৃথক পৃথক রেজিস্টারে লিপিবদ্ধকরণ প্রসঙ্গে।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে কারাগারসহ সমগ্র বাংলাদেশে নভেল করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঘটেছে। ইতোমধ্যে কিছু কারা কর্মচারী ও বন্দি করোনা ভাইরাসে সংক্রমিত হয়ে চিকিৎসাধীন আছেন। ভবিষ্যৎ সরকারী প্রয়োজনে এ রোগে সংক্রমিত কারা কর্মকর্তা, কর্মচারী ও বন্দিদের মূল টেস্ট রিপোর্ট তথা প্রমাণকসহ বিশদ তথ্যাদি ও পরিসংখ্যান গুরুত্ব সহকারে সংরক্ষণ করা আবশ্যিক।

অতএব, নোভেল করোনা ভাইরাসে আক্রান্ত কারা কর্মকর্তা, কর্মচারী ও বন্দিদের পরিসংখ্যান নিম্নোক্ত 'ছক' মোতাবেক পৃথক পৃথক রেজিস্টারে লিপিবদ্ধ করে যথাযথভাবে সংরক্ষণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। পাশা পাশি, করোনা ভাইরাসে কোন কর্মকর্তা/কর্মচারী/বন্দি আক্রান্ত (পজিটিভ) হলে সে সংক্রান্ত একটি প্রতিবেদন (করোনা টেস্ট রিপোর্ট এর সত্যায়িত প্রতিলিপিসহ) কারা মহাপরিদর্শক বরাবর ই-মেইল (prison.establishment1.bd@gmail.com, prison_dte@gmail.com) যোগে অবিলম্বে পাঠানোর জন্য নির্দেশ দেয়া হলো।

ক্রঃ নং	নাম, পিতা- মাতার নাম পদবি ও পরিচিতি নম্বর	স্থায়ী ঠিকানা এবং জন্ম তারিখ	চাকুরিতে প্রথম যোগদান/কারাগারে আগমনের তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে)	কর্মস্থল/ অটককৃত কারাগারের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	করোনা ভাইরাস সনাক্তকারী হাসপাতালের নাম ও সনাক্ত হওয়ার তারিখ	সনাক্ত হওয়ার পর চিকিৎসার জন্য হাসপাতালে প্রেরণের তারিখ	চিকিৎসাধীন হাসপাতালের নাম	সর্বশেষ ডিউটি / কর্মস্থল ও মোবাইল নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)	পুনরায় পরীক্ষার ফলাফল/সর্ব শেষ অবস্থা	মৃত্যুর স্থান, তারিখ ও সময় (প্রযোজ্য ক্ষেত্রে)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

মোহাম্মদ তৌহিদুল ইসলাম
বিজে-০১৭৫০২০০৩০১

কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর, অ: দা:)

পক্ষে-কারা মহাপরিদর্শক

ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)

dighq@prison.gov.bd

বিতরণ : জ্ঞাতার্থে / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ;
- প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা;
- সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক সকল কেন্দ্রীয়/জেলা কারাগার;
- সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
- পরিচালক ইনচার্জ কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
- প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা;
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; বিবেচ্যপত্রটি কারা অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ
- শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
- কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা;
- বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- গার্ডফাইল।